

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৩০

১/ বিবিধ

আরবী

حجة لمن لم يحج خير من عشر غزوات، وغزوة لمن حج خير من عشر حجج، وغزوة في البحر خير من عشر غزوات في البر، ومن جاز البحر كأنما جاز الأودية كلها، والمائد فيه كالمنشحط في دمه

ضعيف

رواه ابن بشران في " الأمالي " (27/117/1) عن عبد الله بن صالح: حدثني يحيى ابن أيوب عن يحيى بن سعيد عن عطاء بن يسار عن عبد الله بن عمرو مرفوعا ومن هذا الوجه رواه الحاكم (2/143) والطبراني في " الكبير " والبيهقي كما في " الترغيب " (2/185) وقال الحاكم: " صحيح على شرط البخاري ". ووافقه الذهبي، وكذا المنذري قال: " وهو كما قال، ولا يضر ما قيل في عبد الله بن صالح؛ فإن البخاري احتج به

قلت: وبناء على ذلك قال المناوي: " وسنده لا بأس به

وفي كل ذلك نظر، فإن ابن صالح فيه كلام كثير، وقد قال الحافظ فيه: "صدوق كثير الغلط، ثبت في كتابه، وكانت فيه غفلة ". وروى ابن ماجه (2777) عن بقية عن معاوية بن يحيى عن ليث بن أبي سليم عن يحيى ابن عباد عن أم الدرداء عن أبي الدرداء مرفوعا

" غزوة في البحر مثل عشر غزوات.. " الحديث نحوه

قلت: وهذا إسناد واه، مسلسل بالعلل



الأولى: ليث بن أبى سليم، وكان اختلط

الثانية: معاوية بن يحيى، وهو الصدفى؛ ضعيف

الثالثة: بقية، وهو ابن الوليد، وكان يدلس عن الضعفاء والمجهولين

বাংলা

১২৩০। যে ব্যক্তি হাজ্জ করেনি তার হাজ্জ করা দশটি যুদ্ধে অংশগ্রহণ করার চেয়েও বেশী উত্তম। আর যে ব্যক্তি হাজ্জ করেছে তার জন্য একটি যুদ্ধ করা দশটি হাজ্জ করার চেয়েও বেশী উত্তম। সমুদ্রে (পানি পথে) একটি যুদ্ধ করা ভূমিতে দশটি যুদ্ধ করার চেয়েও উত্তম। যে ব্যক্তি সমুদ্র অতিক্রম করল সে যেন সকল খাল-বিল, নদী-নালাকে অতিক্রম করল। সমুদ্রে ভ্রমণকারী ব্যক্তি নিজ রক্তে রঞ্জিত হওয়া ব্যক্তির ন্যায়।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু বিশরান "আল-আমলী" গ্রন্থে (২৭/১১৭/১) আব্দুল্লাহ ইবনু সালেহু সূত্রে ইয়াহইয়া ইবনু আইউব হতে, তিনি ইয়াহইয়া ইবনু সাঈদ হতে, তিনি আতা ইবনু ইয়াসার হতে, তিনি আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) হতে মারফূ' হিসেবে বর্ণনা করেছেন।

এ সূত্রেই হাকিম (২/১৪৩), ত্ববারানী "আল-মুজামূল কাবীর" গ্রন্থে ও বাইহাকী বর্ণনা করেছেন যেমনটি "আত-তারগীব" গ্রন্থে (২/১৮৫) এসেছে। হাকিম বলেনঃ বুখারীর শর্তানুযায়ী হাদীসটি সহীহ। হাফিয যাহাবীও তার সাথে প্রকমত্য পোষণ করেছেন। মুন্যেরীও অনুরূপ কথা বলেছেনঃ আন্দুল্লাহ ইবনু সালেহ সম্পর্কে যা কিছু বলা হয়েছে তা কোন সমস্যা নয়। কারণ ইমাম বুখারী তার দ্বারা দলীল গ্রহণ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এর উপরেই ভিত্তি করে মানবী বলেছেনঃ হাদীসটির সনদে কোন সমস্যা নেই।

উপরোক্ত বক্তব্যগুলোর ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে। কারণ আব্দুল্লাহ ইবনু সালেহ্ একজন বহু সমালোচিত ব্যক্তি। হাফিয ইবনু হাজার তার সম্পর্কে বলেনঃ তিনি সত্যবাদী, বহু ভুলকারী, তার কিতাবের ব্যাপারে তিনি নির্ভরযোগ্য। তার মধ্যে অমনোযোগিতা ছিল।

ইবনু মাজাহ (২৭৭৭) বাকিয়্যাহ হতে, তিনি মুয়াবিয়্যাহ ইবনু ইয়াহইয়া হতে, তিনি লাইস ইবনু আবী সুলাইম হতে, তিনি ইয়াহইয়া ইবনু আব্বাদ হতে, তিনি উম্মুদ দারাদা হতে, তিনি আবুদ দারাদা (রাঃ) হতে মারফূ' হিসেবে বর্ণনা করেছেনঃ "সমুদ্রে একটি যুদ্ধে অংশ গ্রহণ করা ভূমিতে দশটি যুদ্ধ করার ন্যায়।" আল-হাদীস।

আমি (আলবানী) বলছিঃ এ সন্দটি খুবই দুর্বল। এর মধ্যে ধারাবাহিকভাবে সমস্যা রয়েছেঃ

১। লাইস ইবনু আবূ সুলাইমের মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল।



- ২। মুয়াবিয়্যাহ ইবনু ইয়াহইয়্যা হচ্ছেন সদাফী, তিনি দুর্বল।
- ৩। বাকীয়াহ হচ্ছেন ইবনুল ওয়ালীদ, তিনি দুর্বল এবং অপরিচিত বর্ণনাকারীদের থেকে তাদলীস করতেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন